



বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল  
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা



**PhD প্রোগ্রামে ভর্তির তথ্য ও নিয়মাবলি**

শিক্ষাবর্ষঃ ২০২২

বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের অধীনে স্থাপত্য, সিএসই, ইউআরপি, ইসিই, গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও পরিসংখ্যান ডিসিপ্লিনে জুলাই ২০২২ সেশনে PhD প্রোগ্রামে ভর্তির তথ্য ও নিয়মাবলী নিম্নরূপ:

১. পিএইচডি গবেষণার ক্ষেত্র: (ক) স্থাপত্য

(খ) সিএসই

(গ) ইউআরপি

(ঘ) ইসিই

(ঙ) গণিত

(চ) পদার্থবিজ্ঞান

(ছ) রসায়ন

(জ) পরিসংখ্যান

২. ভর্তির যোগ্যতা:

২.১ সংশ্লিষ্ট/অ্যালাইড বিষয়ে খুলনা বিশ্ববিদ্যালয় অথবা দেশের অন্য কোন সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রী থাকতে হবে অথবা অন্য কোন দেশী/বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রী (যা UGC কর্তৃক সমমানের ডিগ্রী হিসেবে স্বীকৃত) থাকতে হবে।

২.২ প্রার্থীকে কমপক্ষে ১৭ বছর শিক্ষাকাল শেষ করতে হবে।

২.৩ বেসরকারী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী অর্জনকারীদের ক্ষেত্রে ডিগ্রী প্রদানকারী প্রতিষ্ঠানের UGC কর্তৃক অনুমোদনের প্রমানপত্র এবং অনুমোদিত ক্যাম্পাস থেকে ডিগ্রী অর্জনের প্রমানপত্র দাখিল করতে হবে।

২.৪ (ক) এসএসসি/সমমান ও এইচএসএসসি/সমমানের ডিগ্রীর যেকোন একটিতে প্রথম বিভাগ/সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ অথবা ৫.০০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে।

(খ) স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর যেকোন একটিতে প্রথম শ্রেণী বা বিভাগ/সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ অথবা ৫.০০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে।

২.৫ বিদেশী নাগরিকের ক্ষেত্রে স্ব স্ব দেশের রেজাল্ট/গ্রেডিং স্কেল অনুযায়ী সমমানের ডিগ্রী থাকতে হবে।

২.৬ কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।

২.৭ থিসিসি ছাড়া স্নাতকোত্তর ডিগ্রীর ক্ষেত্রে প্রথম লেখক হিসাবে কমপক্ষে একটি Peer-reviewed প্রকাশনা থাকতে হবে।

৩. আবেদন পদ্ধতি:

বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত নির্ধারিত আবেদন ফরম যথাযথভাবে পূরণ-পূর্বক নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে আগামী ২৮/০৪/২০২২ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন (সকাল ১০.০০ টা- বিকাল ৩.০০ টা পর্যন্ত) বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের ডিন অফিসে জমা দিতে হবে।

8. প্রয়োজনীয় কাগজপত্রাদি :

8.1 সকল পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি

8.2 গবেষণা রূপরেখা ১ (এক) কপি (খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.ku.ac.bd](http://www.ku.ac.bd))

8.3 (ক) বাংলাদেশী নাগরিকদের ক্ষেত্রে : অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার উপর, ডিন, বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা এর অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার

(খ) বিদেশী নাগরিকদের ক্ষেত্রে : অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার উপর, ডিন, বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা এর অনুকূলে ২৫ ইউএস ডলার মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার

8.4 (ক) বাংলাদেশী নাগরিকদের ক্ষেত্রে: জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি

(খ) বিদেশী নাগরিকদের ক্ষেত্রে : জাতীয় পরিচয়পত্র ও পাসপোর্টের সত্যায়িত অনুলিপি

8.5 পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ৩ (তিন) কপি

8.6 প্রযোজ্য ক্ষেত্রে এমএসসি/এমইউআরপি ডিগ্রী প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় থিসিস সম্পন্ন করার প্রমানপত্রের অনুলিপি


8.7 নির্ধারিত ফরমে প্রস্তুতাবিত গবেষণা-তত্ত্বাবধায়কের সম্মতিপত্র

8.8 প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশনার অনুলিপি ১ (এক) কপি

8.9 চাকরির প্রার্থীর ক্ষেত্রে প্রতিষ্ঠান- প্রধান/নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষের অনুমতিপত্র

8.10 বেসরকারী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী অর্জনকারীদের ক্ষেত্রে ডিগ্রী প্রদানকারী প্রতিষ্ঠানের UGC

কর্তৃক অনুমোদনের প্রমানপত্র এবং অনুমোদিত ক্যাম্পাস থেকে ডিগ্রী অর্জনের প্রমানপত্রের অনুলিপি

  
১৩.০৯.২০২২

প্রফেসর আফরোজা পারভীন, পিএইচডি

ডিন

বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল

খুলনা বিশ্ববিদ্যালয়